ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮১০

আগরতলা, ১০ সেপ্টেম্বর, ২০২৫

**তৈজিলিং আয়ুষ্মান আরোগ্য মন্দিরে চোখের ছানি সনাক্তকরণ শিবির**





সিপাহীজলা জেলার তকসা পাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত তৈজিলিং আয়ুষ্মান আরোগ্য মন্দিরে গত ৬ আগস্ট একটি গুরুত্বপূর্ণ চোখের ছানি সনাক্তকরণ শিবির অনুষ্ঠিত হয়েছে। এই শিবিরে মোট ১৮ জন (৫ জন পুরুষ ও ১৩ জন মহিলা) উপস্থিত ছিলেন। এই শিবিরে অপথালমিক অ্যাসিস্ট্যান্ট স্মৃতিলতা দেববর্মা ৪০ বছরের বেশি বয়সী সকল নারী-পুরুষের চোখ পরীক্ষা করেন। পরীক্ষার পর ৪ জনের চোখে ছানি ধরা পড়ে এবং ১১ জনকে বিনামূল্যে চশমা দেওয়া হয়। এই শিবিরে স্বাস্থ্যকর্মী হিসেবে উপস্থিত ছিলেন এমপিডব্লিউ রাকেশ কর্মকার এবং কমিউনিটি হেলথ অফিসার হীরক দাস। এই শিবিরে চোখের ছানি সনাক্ত হয়েছে এমন ৪ জন রোগীকে প্রয়োজনীয় অপারেশনের জন্য আইজিএম হাসপাতালে পাঠানো হবে। এই ধরনের শিবির স্থানীয় জনগণের স্বাস্থ্যসেবায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।

******